


**West Bengal Commission for Protection of Child Rights**

*In Tribute to*




*Sukumar Ray*

*Thank you*
*Sandip Roy*

# খিচুড়ি

হাঁস ছিল, সজারুও, (ব্যাকরণ মানি না),
হয়ে গেল ‘হাঁসজারু’ কেমনে তা জানি না ।
বক কহে কচ্ছপে “বাহবা কি ফুর্তি !
অতি খাসা আমাদের ‘বকচ্ছপ মূর্তি ।”
টিয়ামুখো গিরগিটি মনে ভারি শঙ্কা—
পোকা ছেড়ে শেষে কিগো খাবে কাঁচা লঙ্কা ?
ছাগলের পেটে ছিল না জানি কি ফন্দি,
চাপিল বিছার ঘাড়ে ; ধড়ে মুড়ো সন্ধি !
জিরাফের সাধ নাই মাঠে-ঘাটে ঘুরিতে,
ফড়িঙের ঢং ধরি সেও চায় উড়িতে ।
গরু বলে, “আমারেও ধরিল কি ও রোগে ?
মোর পিছে লাগে কেন হতভাগা মোরগে ?”
‘হাতিমি’র দশা দেখ—তিমি ভাবে জলে যাই,
হাতি বলে, “এই বেলা জঙ্গলে চল ভাই ।”
সিংহের শিং নেই, এই তার কষ্ট—
হরিণের সাথে মিলে শিং হল পষ্ট ।



## January 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | 31 | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# গোঁফচুরি



হেড অফিসের বড়বাবু লোকটি বড় শান্ত,
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জানত ?
দিব্যি ছিলেন খোসমেজাজে চেয়ারখানি চেপে,
একলা বসে ঝিম্‌ঝিমিয়ে হঠাৎ গেলেন ক্ষেপে ।
আঁৎকে উঠে হাত পা ছুঁড়ে চোখটি ক'রে গোল,
হঠাৎ বলেন, "গেলুম গেলুম, আমায় ধ'রে তোল !"
তাই শুনে কেউ বদ্যি ডাকে, কেউবা হাঁকে পুলিশ,
কেউবা বলে, "কামড়ে দেবে সাবধানেতে তুলিস ।"
ব্যস্ত সবাই এদিক ওদিক করছে ঘোরাঘুরি,
বাবু হাঁকেন, "ওরে আমার গোঁফ গিয়েছে চুরি !"
গোঁফ হারানো ! আজব কথা ! তাও কি হয় সত্যি ?
গোঁফ জোড়া তো তেমনি আছে, কমেনি এক রত্তি ।
সবাই তাঁকে বুঝিয়ে বলে, সামনে ধরে আয়না,
মোটেও গোঁফ হয়নি চুরি, কক্ষণো তা হয় না ।

## February 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

শুনতে পেলাম পোস্তা গিয়ে—
তোমার নাকি মেয়ের বিয়ে ?
গঙ্গারামকে পাত্র পেলে ?
জানতে চাও সে কেমন ছেলে ?
মন্দ নয় সে পাত্র ভালো
রঙ যদিও বেজায় কালো ;
তার উপরে মুখের গঠন
অনেকটা ঠিক পেঁচার মতন ;
বিদ্যে বুদ্ধি ? বলছি মশাই—
ধন্যি ছেলের অধ্যবসায় !
ঊনিশটিবার ম্যাট্রিকে সে
ঘায়েল হয়ে থামল শেষে ।
বিষয় আশয় ? গরীব বেজায়—
কষ্টে-সৃষ্টে দিন চলে যায় !



# সৎপাত্র

নুষ তো নয় ভাইগুলো তার—
কটা পাগল একটা গোঁয়ার ;
রেকটি সে তৈরি ছেলে,
ল করে নোট গেছেন জেলে ।
নিষ্ঠটি তবলা বাজায়,
ত্রাদলে পাঁচ টাকা পায় ।
ঙ্গারাম তো কেবল ভোগে
লের জ্বর আর পাণ্ডু রোগে ।
স্তু তারা উচ্চ ঘর,
ংসরাজের বংশধর !
ম লাহিড়ী বনগ্রামের
যেন হয় গঙ্গারামের ।—
হোক, এবার পাত্র পেলে,
মন কি আর মন্দ ছেলে ?

## March 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | 31 | | | | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# প্যাঁচা আর প্যাঁচানী

প্যাঁচা কয় প্যাঁচানী,
খাসা তোর চ্যাঁচানি,
শুনে শুনে আন্‌মন
নাচে মোর প্রাণমন!
মাজা-গলা চাঁচা সুর
আহ্লাদে ভরপুর !
গলা-চেরা ধমকে
গাছ পালা চমকে,
সুরে সুরে কত প্যাঁচ
গিট্‌কিরি ক্যাঁচ্ ক্যাঁচ্ !
যত ভয় যত দুখ
দুরু দুরু ধুক্ ধুক্,
তোর গানে পেঁচি রে
সব ভুলে গেছি রে,
চাঁদমুখে মিঠে গান
শুনে ঝরে দু'নয়ান ।




## April 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# বাবুরাম সাপুড়ে



বাবুরাম সাপুড়ে,
কোথা যাস্ বাপুরে ?
আয় বাবা দেখে যা,
দুটো সাপ রেখে যা—
যে সাপের চোখ্ নেই,
শিং নেই, নোখ্ নেই,
ছোটে না কি হাঁটে না,
কাউকে যে কাটে না,
করে নাকো ফোঁস্ ফাঁস্,
মারে নাকো ঢুঁশ্‌ঢাশ,
নেই কোনো উৎপাত,
খায় শুধু দুধ ভাত,
সেই সাপ জ্যান্ত,
গোটা দুই আন্‌ত !
তেড়ে মেরে ডাণ্ডা
ক'রে দিই ঠাণ্ডা ।

## May 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| 31 | | | | | 1 | 2 |
| 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

ঠাস্ ঠাস্ দ্রুম্ দ্রাম্, শুনে লাগে খট্‌কা
ফুল ফোটে ? তাই বল ! আমি ভাবি পট্‌কা !
শাঁই শাঁই পন্‌পন্ ভয়ে কান্ বন্ধ—
ওই বুঝি ছুটে যায় সে-ফুলের গন্ধ ?
হুড়মুড় ধুপ্‌ধাপ—ওকি শুনি ভাই রে !
দেখ্‌ছো না হিম পড়ে—যেওনাকো বাইরে !
চুপ চুপ ঐ শোন্ ! ঝুপ্ ঝাপ্ ঝ—পাস !
চাঁদ বুঝি ডুবে গেল ?—গব্ গব্ গ—বাস !
খ্যাঁশ্ খ্যাঁশ্ ঘ্যাঁচ্ ঘ্যাঁচ্, রাত কাটে ঐ রে !
দুড়্ দাড়্ চুরমার—ঘুম ভাঙে কই রে !
ঘর্ ঘর্ ভন্ ভন্ ঘোরে কত চিন্তা !
কত মন নাচে শোন্—ধেই ধেই ধিন্‌তা !
ঠুং ঠাং ঢং ঢং, কত ব্যথা বাজে রে—
ফট্ ফট্ বুক ফাটে তাই মাঝে মাঝে রে !
হৈ হৈ মার্ মার্ 'বাপ্ বাপ্' চীৎকার—
মালকোঁচা মারে বুঝি ? সরে পড়্ এইবার !




## June 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | | | | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

রোদে রাঙা ইঁটের পাঁজা তার উপরে বসল রাজা—
ঠোঙাভরা বাদাম ভাজা খাচ্ছে কিন্তু গিলছে না ।
গায়ে আঁটা গরম জামা পুড়ে পিঠ হচ্ছে ঝামা ;
রাজা বলে, “বৃষ্টি নামা—নইলে কিচ্ছু মিলছে না ।”
থাকে সারা দুপুর ধ’রে ব’সে ব’সে চুপটি ক’রে,
হাঁড়িপানা মুখটি ক’রে আঁক্‌ড়ে ধ’রে শ্লেটটুকু ;
ঘেমে ঘেমে উঠছে ভিজে ভ্যাবাচ্যাকা একলা নিজে,
হিজিবিজি লিখছে কি যে বুঝছে না কেউ একটুকু ।
ঝাঁঝাঁ রোদ আকাশ জুড়ে, মাথাটার ঝাঁঝ্‌রা ফুঁড়ে,
মগজেতে নাচছে ঘুরে রক্তগুলো ঝনর্ ঝন্ ;
ঠাঠা-পড়া দুপুর দিনে, রাজা বলে, “আর বাঁচিনে,
ছুটে আন্ বরফ কিনে ক’চ্ছে কেমন গা ছন্‌ছন্ ।”
সবে বলে, “হায় কি হল ! রাজা বুঝি ভেবেই মোলো !
ওগো রাজা মুখটি খোল—কওনা ইহার কারণ কি ?
রাঙামুখ পান্‌সে যেন তেলে ভাজা আম্‌সি হেন,
রাজা এত ঘামছে কেন—শুনতে মোদের বারণ কি ?”

# নেড়া বেলতলায় যায় কবার?



## July 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | 31 | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# হুঁকো মুখো হ্যাংলা

হুঁকোমুখো হ্যাংলা বাড়ী তার বাংলা
মুখে তার হাসি নাই দেখেছ ?
নাই তার মানে কি ? কেউ তাহা জানে কি ?
কেউ কভু তার কাছে থেকেছ ?

শ্যামাদাস মামা তার আফিঙের থানাদার,
আর তার কেউ নাই এ-ছাড়া—
তাই বুঝি একা সে মুখখানা ফ্যাকাশে,
ব'সে আছে কাঁদ-কাঁদ বেচারা ?

থপ্ থপ্ পায়ে সে নাচ্‌ত যে আয়েসে,
গালভরা ছিল তার ফুর্তি,
গাইতো সে সারাদিন 'সারে গামা টিম্‌টিম্'
আহ্লাদে গদ-গদ মূর্তি ।

এই তো সে দুপুরে বসে ওই উপরে,
খাচ্ছিল কাঁচকলা চট্‌কে—
এর মাঝে হল কি ? মামা তার মোলো কি ?
অথবা কি ঠ্যাং গেল মট্‌কে ?



## August 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| 30 | 31 | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# আহ্লাদী

হাসছি মোরা হাসছি দেখ, হাসছি মোরা আহ্লাদী,
তিনজনেতে জট্‌লা ক'রে ফোক্‌লা হাসির পাল্লা দি ।
হাসতে হাসতে আসছে দাদা আসছি আমি আসছে ভাই,
হাসছি কেন কেউ জানে না, পাচ্ছে হাসি হাসছি তাই ।

ভাবছি মনে, হাসছি কেন ? থাকব হাসি ত্যাগ ক'রে,
ভাবতে গিয়ে ফিকফিকিয়ে ফেলছি হেসে ফ্যাক্ ক'রে ।
পাচ্ছে হাসি চাইতে গিয়ে, পাচ্ছে হাসি চোখ বুজে,
পাচ্ছে হাসি চিম্‌টি কেটে নাকের ভিতর নোখ গুঁজে ।

হাসছি দেখে চাঁদের কলা জোলার মাকু জেলের দাঁড়
নৌকা ফানুস পিঁপড়ে মানুষ রেলের গাড়ী তেলের ভাঁড় ।
পড়তে গিয়ে ফেলছি হেসে 'ক খ গ' আর শ্লেট দেখে—
উঠছে হাসি ভস্‌ভসিয়ে সোডার মতন পেট থেকে ।



শোন শোন গল্প শোন, এক যে ছিল গরু,
এই আমার গল্প হল শুরু ।
যদু আর বংশীধর যমজ ভাই তারা,
এই আমার গল্প হল সারা ।


## September 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | 1 | 2 | 3 | 4 | 5 |
| 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 27 | 28 | 29 | 30 | | | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# নারদ! নারদ!

"হ্যাঁরে হ্যাঁরে, তুই নাকি কাল শাদাকে বল্‌ছিলি লাল ?
(আর) সেদিন নাকি রাত্রি জুড়ে নাক ডেকেছিস বিশ্রী সুরে ?
(আর) তোদের পোষা বেড়ালগুলো শুনছি নাকি বেজায় হুলো ? ,
(আর) এই যে শুনি তোদের বাড়ি কেউ নাকি রাখে না দাড়ি ?
ক্যান্‌রে ব্যাটা ইসটুপিড ? ঠেঙিয়ে তোরে কর্‌ব ঢিট্ !"
"চোপরাও তুম্ স্পিকটি নট্, মার্‌ব রেগে পটাপট্—"
"ফের যদি টেরাবি চোখ কিম্বা আবার কর্‌বি রোখ,
কিম্বা যদি অম্‌নি করে মিথ্যেমিথ্যে চ্যাঁচাস জোরে—"
"আই ডোন্ট কেয়ার্ কানাকড়ি—জানিস্ আমি স্যান্ডো করি ?"
"ফের লাফাচ্ছিস্ অল্‌রাইট্ কামেন্ ফাইট্ ! কামেন্ ফাইট্ !"
"ঘুঘু দেখেছ, ফাঁদ দেখনি, টেরটা পাবে আজ এখনি !
আজকে যদি থাক্‌ত মামা পিটিয়ে তোমায় করত্ ঝামা !—"
"আরে আরে ! মার্‌বি নাকি ? দাঁড়া একটা পুলিশ ডাকি !"
"হাঁহাঁহাঁহাঁ ! রাগ কোর না, কর্‌তে চাও কি তাই বল না !"
"হাঁ হাঁ তা তো সত্যি বটেই আমি তো চটিনি মোটেই !
মিথ্যে কেন লড়তে যাবি ? ভেরি-ভেরি সরি, মসলা খাবি ?"
"'শেক্‌হ্যান্ড' আর 'দাদা' বল সব শোধ-বোধ ঘরে চল ॥"
"ডোন্ট পরোয়া অল্ রাইট্ হাউ ডু য়ু ডু গুড্ নাইট্ ।"



## October 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1 | 2 | 3 |
| 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | 31 |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# রাম গরুড়ের ছানা

রাম গরুড়ের ছানা     হাসতে তাদের মানা
হাসির কথা শুনলে বলে,
"হাসব না-না, না-না !"
সদাই মরে ত্রাসে—     ঐ বুঝি কেউ হাসে !
এক চোখে তাই মিটমিটিয়ে
তাকায় আশেপাশে ।
ঘুম নেই তার চোখে     আপনি ব'কে ব'কে
আপনারে কয়, "হাসিস যদি
মারব কিন্তু তোকে !"
যায় না বনের কাছে,     কিম্বা গাছে গাছে,
দখিন হাওয়ার সুড়সুড়িতে
হাসিয়ে ফেলে পাছে !




সোয়াস্তি নেই মনে— মেঘের কোণে কোণে
হাসির বাষ্প উঠছে ফেঁপে
কান পেতে তাই শোনে ।
ঝোপের ধারে ধারে     রাতের অন্ধকারে
জোনাক জ্বলে আলোর তালে
হাসির ঠারে ঠারে।
হাসতে হাসতে যারা     হচ্ছে কেবল সারা,
রাম গরুড়ের লাগছে ব্যথা
বুঝছে না কি তারা ?
রাম গরুড়ের বাসা     ধমক দিয়ে ঠাসা,
হাসির হাওয়া বন্ধ সেথায়,
নিষেধ সেথায় হাসা ।

## November 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | | | | | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr

# আবোল তাবোল

মেঘ মুলুকে ঝাপসা রাতে,
রামধনুকের আবছায়াতে,
তাল বেতালে খেয়াল সুরে,
তান ধরেছি কণ্ঠ পুরে ।
হেথায় নিষেধ নাইরে দাদা,
নাইরে বাঁধন নাইরে বাধা ।
হেথায় রঙিন আকাশতলে
স্বপ্ন দোলা হাওয়ায় দোলে
সুরের নেশার ঝরনা ছোটে,
আকাশ কুসুম আপনি ফোটে
রঙিয়ে আকাশ, রঙিয়ে মন
চমক জাগে ক্ষণে ক্ষণ ।
আজকে দাদা যাবার আগে
বল্‌ব যা মোর চিত্তে লাগে
নাই বা তাহার অর্থ হোক্
নাই বা বুঝুক বেবাক্ লোক
আপনাকে আজ আপন হতে
ভাসিয়ে দিলাম খেয়াল স্রোতে ।



ছুট্‌লে কথা থামায় কে ?
আজকে ঠেকায় আমায় কে ?
আজকে আমার মনের মাঝে
ধাঁই ধপাধপ্ তবলা বাজে—
রাম-খটাখট্ ঘ্যাচাং ঘ্যাচ্
কথায় কাটে কথার প্যাঁচ্ ।
আলোয় কাটে অন্ধকার,
ঘণ্টা বাজে গন্ধে তার ।
গোপন প্রাণে স্বপন দূত,
মঞ্চে নাচেন পঞ্চ ভূত !
হ্যাংলা হাতী চ্যাং-দোলা,
শূন্যে তাদের ঠ্যাং তোলা ।
মক্ষিরানী পক্ষীরাজ—
দস্যি ছেলে লক্ষ্মী আজ ।
আদিম কালের চাঁদিম হিম,
তোড়ায় বাঁধা ঘোড়ার ডিম ।
ঘনিয়ে এল ঘুমের ঘোর,
গানের পালা সাঙ্গ মোর ।

## December 2020

| SUN | MON | TUE | WED | THU | FRI | SAT |
|---|---|---|---|---|---|---|
| | | 1 | 2 | 3 | 4 | 5 |
| 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 27 | 28 | 29 | 30 | 31 | | |

**West Bengal Commission for Protection of Child Rights**
ICMARD Building, 9th Floor, Block- 14/2, C.I.T. Scheme-VIII (M), Ultadanga, Kolkata 700 067
E-mail : wbscpcr@gmail.com, Website : www.wbcpcr.org, Whatsapp Helpline : 9836-300-300
Facebook : https://www.facebook.com/WBCPCR.Official, Twitter : https://twitter.com/wbcpcr